

গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)  
(পেট্রোবাংলার একটি কোম্পানী)  
আগারগাঁও, ঢাকা-১২০৭।

ত্রৈমাসিক ভিত্তিতে (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) জিটিসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) প্রণয়ন,  
হালনাগাদকরণ ও পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রকৌ. মোঃ তাজুল ইসলাম মজুমদার  
পরিচালক (অপারেশন) ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি।  
তারিখ : ২০ সেপ্টেম্বর, ২০২২  
সময় : বেলা ২.০০ ঘটিকা  
স্থান : কমিটি রুম (লেভেল-৩), জিটিসিএল।

১। কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) প্রণয়নের লক্ষ্যে অফিস আদেশ নং-৫৯/২০১৫, তারিখ: ০১-০৬-২০১৫ এর মাধ্যমে একটি কমিটি গঠন করা হয়। পরবর্তীতে অফিস আদেশ নং-১৯৪/২০১৮, তারিখ: ০৪-১০-২০১৮ এর মাধ্যমে সিটিজেন চার্টার প্রণয়ন কমিটির ToR এ 'সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক প্রকাশিত সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদানের বিষয়টি মনিটরিং' করার দায়িত্বও অর্পণ করা হয়। জিটিসিএল-এর সিটিজেন চার্টার প্রণয়ন কমিটি নিম্নরূপ:

(১.১) পরিচালক (অপারেশন)	- আহবায়ক
(১.২) মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ওয়েস্ট)	- সদস্য
(১.৩) কোম্পানি সচিব	- সদস্য
(১.৪) মহাব্যবস্থাপক (কিউএসএ)	- সদস্য
(১.৫) মহাব্যবস্থাপক (জেনারেল সার্ভিসেস)	- সদস্য
(১.৬) পরিচালক (অর্থ)	- সদস্য
(১.৭) উপ-মহাব্যবস্থাপক (ল এন্ড শেয়ার)	- সদস্য-সচিব।

উপর্যুক্ত কমিটির মাধ্যমে গত ০২-১২-২০১৫ তারিখে জিটিসিএল-এর সিটিজেন চার্টার প্রণয়ন করা হয় এবং পরবর্তীতে বিভিন্ন সময়ে তা হালনাগাদ করা হয়েছে এবং কমিটি কর্তৃক বাস্তবায়ন কার্যক্রম নিয়মিত মনিটরিং করা হচ্ছে।


২। সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) বাস্তবায়ন পরিকল্পনা ২০২২-২৩ এর (১.২) মোতাবেক ২০-০৯-২০২২ তারিখে এতদসংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ত্রৈমাসিক ভিত্তিতে (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) বাস্তবায়নযোগ্য বিষয়াদি নিয়ে আলোচনা করা হয়। এছাড়া, Citizen's Charter বাস্তবায়ন পরিকল্পনা ২০২২-২৩ এর (১.১) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন; (১.২) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন; (১.৩) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন; (১.৪) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ; (২.১) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজন; এবং (২.২) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। কমিটির সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করে:

(২.১) ত্রৈমাসিক ভিত্তিতে (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) জিটিসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির বাস্তবায়ন প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ;

(২.২) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) সভা আয়োজন; এবং


(২.৩) ত্রৈমাসিক ভিত্তিতে (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও ওয়েবসাইটে আপলোডকরণ।”

৩। অতঃপর সভার আলোচ্য সূচীতে আর কোন বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্য-কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ সিদ্দিকুর রহমান)

উপ-মহাব্যবস্থাপক (ল' এন্ড শেয়ার)  
ও সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি।



(প্রকৌ. মোঃ তাজুল ইসলাম মজুমদার)  
পরিচালক (অপারেশন)  
ও আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ওয়েস্ট) ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
- ২। কোম্পানি সচিব ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
- ৩। মহাব্যবস্থাপক (কিউএসএ) ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
- ৪। মহাব্যবস্থাপক (জেনারেল সার্ভিসেস) ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
- ৫। পরিচালক (অর্থ) ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
- ৬। উপ-মহাব্যবস্থাপক (কমন সার্ভিসেস) ও ফোকাল পয়েন্ট (Citizen's Charter), জিটিসিএল।
- ৭। উপ-ব্যবস্থাপক (সমন্বয়) টু ব্যবস্থাপনা পরিচালক, জিটিসিএল।
- ৮। অফিস কপি।